

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৭৭০

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ মহানবী (ৠৣ) এর মহানুভবতা ও স্লেহশীলতা

আরবী

عَنْ أَنَسٍ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ كَانَ غُلَامٌ يَهُودِيٌّ يَخْدُمُ النَّبِيَّ عَلَيْ فَمَرِضَ فَأَتَاهُ النَّبِيُّ عَلَيْ اللهُ عَنْهُ فَقَالَ لَهُ أَسْلِمْ فَنَظَرَ إِلَى أَبِيهِ وَهُوَ عِنْدَهُ فَقَالَ لَهُ أَطِعْ أَبَا الْقَاسِمِ يَعُودُهُ فَقَعَدَ عِنْدَ وَأُسِهِ فَقَالَ لَهُ أَطِعْ أَبَا الْقَاسِمِ عَلَيْ فَأَسْلَمَ فَخَرَجَ النَّبِيُّ عَلَيْ وَهُوَ يَقُولُ الْحَمْدُ لِلهِ الَّذِي أَنْقَذَهُ مِنْ النَّارِ

বাংলা

(২৭৭০) আনাস (রাঃ) বলেন, একজন ইহুদী কিশোর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খিদমত করত। সে পীড়িত হলে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে দেখা করতে এলেন এবং তার শিথানে বসে বললেন, ''ইসলাম গ্রহণ কর (তুমি মুসলিম হয়ে যাও)।'' তাঁর এই কথা শুনে সে তার পিতার দিকে (তার মত জানতে) দৃষ্টিপাত করল। তার পিতা তার নিকটেই বসে ছিল। সে বলল, 'আবুল কাসেম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কথা তুমি মেনে নাও। ফলে কিশোরটি মুসলিম হয়ে গেল। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই বলতে বলতে বের হয়ে গেলেন, সেই আল্লাহর সকল প্রশংসা, যিনি ওকে জাহান্নাম থেকে বাঁচিয়ে নিলেন।'' তারপর কিশোরটি মারা গেলে তিনি সকলের উদ্দেশ্যে বললেন, ''তোমরা তোমাদের এক সাথীর উপর (জানাযার) নামায পড়।

ফুটনোট

(বুখারী ১৩৫৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন